

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭২১৮

৫৬/ যুহুদ ও দুনিয়ার প্রতি আকর্ষণহীনতা সম্পর্কিত বর্ণনা (کتاب الزهد والرقائق) পরিচ্ছেদঃ ৯. হাঁচি দাতাকে দু'আ করা (সম্ভুষ্ট করা) এবং হাই তোলার অপছন্দনীয়তার বর্ণনা

باب تَشْمِيتِ الْعَاطِسِ وَكَرَاهَةِ التَّثَاقُابِ

আরবী

حَدَّثَنِي زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، _ وَاللَّفْظُ لِزُهَيْرٍ _ قَالاَ حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ مَالِك، عَنْ عَاصِمِ بْنِ كُلَيْب، عَنْ أَبِي بُرْدَة، قَالَ دَخَلْتُ عَلَى أَبِي مُوسَى وَهْوَ فِي بَيْت بِنْتِ الْفَضْل بْنِ عَبَّاسٍ فَعَطَسْتُ فَلَمْ يُشَمِّتْنِي وَعَطَسَتْ فَشَمَّتَهَا فَرَجَعْتُ إِلَى فِي بَيْت بِنْتِ الْفَضْل بْنِ عَبَّاسٍ فَعَطَسْتُ فَلَمْ يُشَمِّتْنِي وَعَطَسَتْ فَشَمَّتَهَا فَرَجَعْتُ إِلَى أُمِي فَأَخْبَرْتُهَا فَلَمَّ تَهَا قَالَت عَطَسَ عِنْدَكَ ابْنِي فَلَمْ تُشَمِّتُهُ وَعَطَسَتْ فَشَمَّتُهَا . فَقَالَ إِنَّ ابْنَكِ عَطَسَ فَلَمْ يَحْمَدِ اللَّهَ فَلَمْ أُشَمِّتُهُ وَعَطَسَتْ فَحَمِدَتِ اللَّهَ فَشَمَّتُهَا سَمِعْتُ رَسُولَ إِنَّ ابْنَكِ عَطَسَ فَلَمْ يَحْمَدِ اللَّهَ فَلْمَ تُشَمِّتُوهُ فَإِنْ لَمْ يَحْمَدِ اللَّهِ فَلاَ تُشَمِّتُوهُ فَإِنْ لَمْ يَحْمَدِ اللَّهَ فَلاَ تُشَمِّتُوهُ فَإِنْ لَمْ يَحُمَدِ اللَّهَ فَلاَ تُشَمِّتُوهُ أَلْ لَلْهُ فَلاَ تُشَمِّتُوهُ أَلَا لا يَعْلَى الله عليه وسلم يَقُولُ " إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَحَمِدَ اللَّهَ فَشَمِّتُوهُ فَإِنْ لَمْ يَحْمَدِ اللَّهُ فَلاَ تُشَمِّتُوهُ أَلْ الله عليه وسلم يَقُولُ " إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَحَمِدَ اللَّهَ فَشَمِّتُوهُ فَإِنْ لَمْ يَحْمَدِ اللَّهَ فَلاَ تُشَمِّتُوهُ أَلَا الله عليه وسلم يَقُولُ " إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَحَمِدَ اللَّهُ فَشَمِّتُوهُ أَنْ الله عَلْمَ لَا لَلْهُ فَلاَ تُسْرِقُونُ " .

বাংলা

৭২১৮। যুহায়র ইবনু হারব ও মুহাম্মদ ইবনু আবদুল্লাহ ইবনু নুমায়র (রহঃ) ... আবৃ বুরাদা (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আবৃ মূসা (রাঃ) এর নিকট গেলাম। তখন তিনি ফযল ইবনু আব্বাস (রাঃ) এর কন্যার ঘরে ছিলেন। তখন আমি হাঁচি দিলাম; কিন্তু আবৃ মূসা (রাঃ) আমাকে দু'আ করলেন না। অতঃপর সে (ফযলের কন্যা) হাঁচি দিল, তিনি তাকে দু'আ করলেন। আমি আমার মায়ের নিকট ফিরে এসে তাকে এ সম্পর্কে জানালাম। এরপর (কোন এক সময়) আবৃ মূসা (রাঃ) আমার আম্মার নিকট আসলে তিনি তাকে বললেন, তোমার নিকট আমার ছেলে হাঁচি দিয়েছিল, তুমি তাকে দু'আ করনি। কিন্তু সে (ফযলের কন্যা) হাঁচি দিলে তুমি তাকে দু'আ করেছ।

আবৃ মূসা (রাঃ) বললেন, তোমার ছেলে হাঁচি দিয়েছে কিন্তু আল্লাহর প্রশংসা করেনি, الحمد المدال বলে নি। তাই আমিও তাকে দু'আ দেয়নি। আর সে (মহিলা) হাঁচি দিয়ে আল্লাহর প্রশংসা করেছে, তাই আমিও তাকে দু'আ দিয়েছি। কেননা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে আমি বলতে শুনেছি যে, তোমাদের কেউ যদি হাঁচি দেয় এবং الحمد الله বলে তাহলে তোমরা তাকে দু'আ দিবে। আর যদি সে الحمد الله না বলে তবে তোমরাও তাকে দু'আ দিবে না।



English

Abu Burda reported:

I visited Abu Musa, as he was in the house of the daughter of Fadl b. 'Abbas. I sneezed but he did not respond to it (by saying): Allah may have mercy upon you. Then she sneezed and he (Fadl b. 'Abbas) said: May Allah have mercy upon you. I came back to my mother and informed her about it, and when he came to her she said: My son sneezed in your presence and you did not say:" Allah may have mercy upon you, and she sneezed and you said for her:" May Allah have mercy upon you." Thereupon he said: Your son sneezed but he did not praise Allah and I did not beg mercy of Allah for him and she sneezed and she praised Allah and so I said: May Allah have mercy upon you, as I heard Allah's Messenger () as saying: When any one of you sneezes he should praise Allah and the other should say: May Allah have mercy upon you, and if he does not praise Allah, no mercy should be begged for him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন